দৈনিক সংবাদ

29/9/2000

তারিখ ................

পৃষ্ঠা ...2... কলাম ...10...

ফেডারেশন বিবৃতি

# শিক্ষক কল্যাণ ট্রাস্ট বন্ধের চক্রান্ত চলছে সতর্ক থাকুন

নিছক নেতৃত্বের কারণে পুনরায় কল্যাণ ট্রাস্ট বন্ধের চক্রান্ত চলছে বলে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন বেসরকারি শিক্ষক-কর্মচারীদেরকে সতর্ক থাকতে আহ্বান জানিয়েছে। ফেডারেশনের পক্ষে এক বিবৃতিতে বলা হয়েছে, দীর্ঘ ৭ বছর কার্যক্রম বন্ধ থাকার পর বর্তমানে কল্যাণ ট্রাস্টি থেকে অবসরপ্রাপ্ত ও প্রয়াত শিক্ষক-কর্মচারিগণের প্রাপ্য আর্থিক সুবিধাদি পরিশোধ অব্যাহতভাবে চলছে। ২৬শে জুন ২০০১ পর্যন্ত প্রাপ্ত ১৬ হাজার ৪৫টি আবেদনপত্রের মধ্যে ট্রাস্ট থেকে ৩ দফায় ২ হাজার ৪শ ২৪ জন প্রাপকের প্রাপ্য অর্থের ইস্যুকৃত চেক বিতরণ প্রায় সমাপ্তির পথে। যা অর্থের পরিমাণে দাঁড়ায় ৭ কোটি ৭৫ লাখ ৮ হাজার ৫শ ৭৫ টাকা। ৩০শে জুলাইয়ের মধ্যে আরও ২ হাজার ১৫ জনের প্রাপ্য অর্থের চেক ইস্যু করা হচ্ছে। অর্থের পরিমাণে যা ৭ কোটি টাকার অধিক। ট্রাস্টী বোর্ডের সিদ্ধান্ত অনুসারে অতিরিক্ত জনবল নিয়োগের মাধ্যমে ৩১শে অক্টোবরের মধ্যে ২৬শে জুন ২০০১ পর্যন্ত প্রাপ্ত সকল আবেদনকারীর অর্থাৎ আরও ১২ হাজার শিক্ষক-কর্মচারীর ট্রাস্ট থেকে প্রাপ্য অর্থ পরিশোধের প্রক্রিয়া চলছে।

ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ ও সাংগঠনিক সম্পাদক অধ্যক্ষ আসাদুল হক সইকরা ফেডারেশনের বিবৃতিতে এসব তথ্য উল্লেখ করে বলা হয়, বঞ্চিত বেসরকারি শিক্ষক-কর্মচারীরা যখন ট্রাস্ট থেকে প্রাপ্য অর্থ পাচ্ছেন ঠিক সেই সময়ে রাজনৈতিক উচ্চাভিলাষ এবং নেতৃত্বের কারণে একটি মহল ট্রাস্টের মতো একটি কল্যাণধর্মী কর্মসূচি বিঘ্নিত করার অপপ্রয়াসে লিপ্ত আছেন।